

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা  
www.shed.gov.bd

**ইনোভেশন টিমের ৫ম সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ হাসানুল ইসলাম, এনডিসি  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও চিফ ইনোভেশন অফিসার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।  
তারিখ : ০১ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ।  
সময় : বেলা ১২.০০ মিনিট।  
সভার স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ।

**উপস্থিতির তালিকা: পরিশিষ্ট 'ক'**

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি ইনোভেশন টিমের সদস্য সচিব ও শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। সদস্য সচিব প্রথমে ১৫ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ তারিখ অনুষ্ঠিত ইনোভেশন টিমের ৪র্থ সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। তিনি জানান যে, এ বিভাগের জন্য প্রণয়নকৃত ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ০৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। ইতোমধ্যে অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদনের খসড়া প্রস্তুত করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে সভাপতি অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদনের বিষয়ে জানতে চান। সিনিয়র সহকারী সচিব (অ.দা.) বলেন যে, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক অগ্রগতি সন্তোষজনক। নির্ধারিত কার্যক্রমের প্রায় বেশিরভাগই বাস্তবায়ন করা হয়েছে। ইতোমধ্যে ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ হিসেবে “মামলা সংক্রান্ত ডাটাবেজ” কার্যক্রমটির পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ জারি করা হয়েছে। ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা কর্তৃক গৃহিত “কলেজের গভর্নিং বডি অনুমোদন সহজিকরণ” সেবাটির পাইলটিং বাস্তবায়নের অফিস আদেশ জারি করা হয়েছে। এছাড়া নির্ধারিত অন্যান্য কার্যক্রমও বাস্তবায়ন করা হয়েছে। উদ্ভাবন সংক্রান্ত ০১ দিনের ও ০২ দিনের প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পরবর্তীতে ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**৩. সিদ্ধান্তসমূহ:**

- ৩.১ ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন করা হয়, যা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে;
- ৩.২ উদ্ভাবন সংক্রান্ত ০১ দিনের ও ০২ দিনের প্রশিক্ষণ কার্যক্রম অতিদ্রুত শেষ করতে হবে।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত/-  
(মোঃ হাসানুল ইসলাম, এনডিসি)  
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও  
চিফ ইনোভেশন অফিসার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৫.২০.২৯

তারিখ: ২১ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ  
০৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা (সকল)।
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)।
৪. উপসচিব, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. উপসচিব (বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭. সিনিয়র সহকারী সচিব (বাজেট শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৮. সিনিয়র সহকারী সচিব (সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯. প্রোগ্রামার (আইসিটি অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
১০. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

  
(মোঃ ফজলুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৪৬১৫৮  
apashed17@gmail.com